# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪২

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৯৮. অপবিত্রতার গোসল সম্পর্কে।

باب الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ الْوَاشِحِيُّ، وَمُسَدَّدٌ، قَالاَ حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا اغْتَسَلَ مِنَ الْجَنَابَةِ ـ قَالَ سُلَيْمَانُ يَبْدَأُ فَيُفْرِغُ مِنْ يَمِينِهِ عَلَى شِمَالِهِ . وَقَالَ مُسَدَّدٌ غَسَلَ يَدَيْهِ يَصُبُّ الإِنَاءَ عَلَى يَدِهِ الْيُمْنَى ثُمَّ اتَّفَقَا فَيَغْسِلُ فَرْجَهُ . ـ قَالَ مُسَدَّدٌ ـ يُفْرِغُ عَلَى شِمَالِهِ وَرُبَّمَا كَنَتْ عَنِ الْفَرْجِ ثُمَّ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلاَةِ ثُمَّ يُدْخِلُ يَدَيْهِ فِي الإِنَاءِ فَيُخَلِّلُ شَعْرَهُ حَتَّى إِذَا رَأَى أَنَّهُ قَدْ أَصَابَ الْبَشَرَةَ أَوْ أَنْقَى الْبَشَرَةَ أَفْرَغَ عَلَى رَأْسِهِ ثَلاَثًا فَإِذَا فَضَلَ فَضْلَةٌ صَبَّهَا عَلَيْهِ .

حكم : صحيح (الألباني)

বাংলা

২৪২. সুলায়মান .... আয়িশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অপবিত্রতার গোসলের সময় (সুলায়মানের বর্ণনানুযায়ী) ডান হাত দিয়ে পানি ঢালা শুরু করতেন এবং রাবী মুসাদ্দাদের বর্ণনা মতে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উভয় হাত ধৌত করার পর ডান হাতে পানি ঢালতেন। অতঃপর উভয় রাবী এই পর্যায়ে ঐক্যমত পোষণ করেন যে, অতঃপর তিনি স্বীয় লজ্জাস্থান ধৌত করতেন। রাবী মুসাদ্দাদ বলেন, (ডান হাতের পর) বাম হাতে পানি ঢালতেন, কখনও কখনও আয়িশা (রাঃ) সরাসরিفرج (পুরুষাংগ) শব্দ ব্যবহার না করে তদস্থলে অন্য শব্দ ব্যবহার করতেন। অতঃপর নামাযের উযূর ন্যায় উযূ (ওজু/অজু/অযু) করতেন। তিনি উভয় হাত পাত্রের মধ্যে প্রবেশ করিয়ে পানি নিতেন এবং শরীরের লোমকূপ (চুল) মর্দন করতেন। এভাবে যখন তিনি দেখতেন যে, সর্বাংগে পানি পৌছেছে অথবা সমস্ত শরীর পবিত্র হয়েছে- তখন তিনি মাথায় তিনবার পানি ঢালতেন। অতঃপর পানি অবশিষ্ট থাকলে তা মাথায় ঢালতেন। (বুখারী, মুসলিম, তিরমিযী, ইবনু মাজাহ)

## English

'Aishah reported :
When the Messenger of Allah (May peace be upon him) would take a bath because of sexual defilement, according to the version of Sulaiman, in the beginning he would pour water with his right hand (upon his left hand); and according to the version of Musaddad, he would wash both (hands) pouring water from the vessel upon his right hand. According to the agreed version, he then would wash the private part. He would then perform ablution as he did for prayer, then put his hands in the vessel and made the water go through his hair. When he knew that water had reached the entire surface of the body and cleaned it well, he would pour water upon his head three times. If some water was left, he would pour it also upon himself.

Grade : Sahih (Al-Albani)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16665

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন